40

দৈনিক বাংলা

তারিখ 10-OCT-1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

# খাতা দেখায় বিলম্ব

পরীক্ষার খাতা দেখায় বিলম্বের জন্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই শতাধিক শিক্ষকের পারিশ্রমিক কেটে নেয়া হয়েছে। বেশ কয়েক বছর থেকেই দেখা যাচ্ছে শিক্ষকেরা খাতা দেখার কাজটি সময়মত শেষ করেন না; যার ফলে ফল প্রকাশে বিলম্ব থেকে সেশনজট বৃদ্ধি পর্যন্ত নানাবিধ জটিলতা দেখা দেয়। এর পরিপ্রেক্ষিতে দু'বছর আগে পাঁচ শতাধিক শিক্ষকের পারিশ্রমিক কেটে নেয়া হয়েছিল। ফলে অবস্থারও কিছুটা উন্নতি হয়েছিল। এ বছর আবার খাতা দেখায় অনিয়ম দেখা দেয়ায় একই ব্যবস্থা নেয়া হয়েছে।

খবরে বলা হয়েছে, গত বছর নবেম্বর মাসে গৃহীত পরীক্ষার খাতা সংশ্লিষ্ট শিক্ষকদের কাছে পড়ে আছে। শিক্ষকেরা এমন কি ব্যস্ততায় কাল কাটান যে বছর ঘুরে এলেও পরীক্ষার খাতা দেখা শেষ হবে না, তা আন্দাজ করতে আমরা অক্ষম। বিশেষ করে পরীক্ষা সংক্রান্ত করণীয় সম্পাদন শিক্ষকতারই অবিচ্ছেদ্য অংশ। তদুপরি এ কাজের জন্যে পারিশ্রমিকের ব্যবস্থাও রয়েছে। খাতা দেখার কাজ সময়মত শেষ না করা তাই সব বিবেচনাতেই দায়িত্বহীনতার পরিচায়ক। এমন পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রূঢ় ব্যবস্থা নিলে কিংবা পারিশ্রমিক কেটে নেয়ার মত ব্যবস্থাকে কেউ যথেষ্ট মনে না করলে, দোষ দেয়ার কিছু আছে বলে মনে করি না।

দু'শতাধিক শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন, গত বছর নবেম্বর মাসে নেয়া পরীক্ষার ফল অচিরেই প্রকাশের ব্যবস্থা হচ্ছে। এ আশ্বাসকেও স্বস্তির মনে করা যায় কি-না, তাও বিবেচ্য। দ্রুত প্রকাশ করলেও পরীক্ষা এবং ফল প্রকাশের মধ্যে এক বছরের দূরত্ব বর্তে যাচ্ছে; যা বিশ্ববিদ্যালয়ের ঘোষিত নীতির পরিপূরক নয়। অন্যদিকে তড়িঘড়ি করে ফল প্রকাশ করতে গিয়ে পরীক্ষার্থীদের প্রতি অবিচার হবে না, তার নিশ্চয়তা পাওয়াও কঠিন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ দিকগুলো বিবেচনায় রাখবেন বলেই আমরা আশা করবো।

শেষ করার আগে আমরা আবারও বলতে চাই, খাতা দেখার মত জরুরি দায়িত্ব পালনে ব্যর্থতার দায় নেহাত পারিশ্রমিক কেটে নেয়াতেই চুকতে পারে না। এই ব্যর্থতার জবাবদিহিতা আবশ্যক। এতে যদি অবহেলা কিংবা দায়িত্বহীনতার প্রমাণ পাওয়া যায়, কঠোরতর ব্যবস্থা গ্রহণ আবশ্যক। শিক্ষার্থীদের জীবন এবং শিক্ষার পরিবেশ নিয়ে কেউ ছিনিমিনি খেলতে পারেন না। শিক্ষকেরা তো নয়ই। ফল প্রকাশে বিলম্ব ঘটার ফলে সেশনজট বৃদ্ধিসহ যেসব জটিলতার সৃষ্টি হবে তার দায়িত্ব কোথায় বর্তায় তাও নির্ধারিত হওয়া আবশ্যক।